

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ শাখা

স্মারক নং- ইপ/বিবিধ-১৩/৯৬/ ১১৫৯(৬৪)

তারিখ- ১১-০৯-২০০৫ইং

বিষয়ঃ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হিসেবে প্রাপ্ত রাজস্ব ব্যয় সংক্রান্ত

সূত্রঃ- অত্র বিভাগের ১৯-১১-৯৭ইং তারিখের ৭৭৬(৬৪) নং স্মারক।

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হিসেবে প্রাপ্ত রাজস্ব ব্যয় সংক্রান্ত সূত্রোল্লিখিত স্মারকটি প্রত্যাহার করতঃ নিম্নরূপ আদেশ জারী করা হলোঃ

- (১) উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিটি উপজেলা সদরে অবস্থিত একটি তফসিলি ব্যাংকে "ইউনিয়ন পরিষদের স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব" নামে হিসাব খুলবেন যা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
- (২) সাব-রেজিস্ট্রারগণ প্রতিদিন স্ব-স্ব উপজেলাধীন স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ ইউনিয়ন পরিষদের অনুকূলে আদায়কৃত ১% করের অর্থ ১নং ক্রমিকে উল্লিখিত ব্যাংক হিসাবে জমা প্রদান করবেন এবং মাস শেষে মোট জমার একটি বিবরণী উপজেলা নির্বাহী অফিসার এর নিকট নিয়মিত প্রেরণ করবেন।
- (৩) এতদসংক্রান্ত সংশ্লিষ্ট ফর্ম, ক্যাশ বই ও রেজিস্ট্রার ইত্যাদি বৎসরে একবার উপজেলা নির্বাহী অফিসারগণ সাব রেজিস্ট্রারগণকে সরবরাহ করবেন যার ব্যয়ভার উল্লিখিত হিসাব হতে নির্বাহ করা হবে।
- (৪) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী জমাকৃত অর্থ উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের মধ্যে জনসংখ্যার ভিত্তিতে বন্টন করবেন। এখাতে প্রাপ্ত ইউনিয়ন পরিষদের টাকা জমা করণের নিয়মিত উপজেলাধীন প্রত্যেক ইউনিয়ন পরিষদের নামে পৃথক পৃথক হিসাব ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক খুলতে হবে।
- (৫) পূর্ববর্তী মাসের জমাকৃত অর্থ পরবর্তী মাসের ৭(সাত) তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী জনসংখ্যার ভিত্তিতে বন্টন পূর্বক ইউনিয়ন পরিষদের প্রাপ্য অংশ থেকে প্রথমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতন ভাতা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় অংশ কর্তনপূর্বক অবশিষ্ট টাকা হিসাব অনুযায়ী উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের হিসাবে জমা প্রদান করবেন এবং জমাকৃত অর্থের একটি ত্রৈমাসিক বিবরণী অত্র বিভাগে প্রেরণ করবেন।
- (৬) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উক্ত অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনাক্রমে ইউনিয়নের উন্নয়ন প্রকল্পের ম্যাচিং ফান্ড হিসাবে ব্যবহার করবেন;
- (৭) কোন ইউনিয়নের হিসাবে জমাকৃত উক্ত খাতের অর্থ ম্যাচিং ফান্ড হিসাবে প্রদানের পরও যদি অবশিষ্ট থাকে তবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলীর পূর্ব অনুমোদন গ্রহণ পূর্বক অন্য কোন কাজে তা ব্যয় করতে পারবেন।

এমতাবস্থায় উপরোল্লিখিত আদেশের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তার জেলাধীন উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলীগণকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৬৭১৪৫।

জেলা প্রশাসক

----- (সকল)
স্মারক নং- ইপ/বিবিধ-১৩/৯৬/

তারিখঃ- ১১-০৯-২০০৫ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিদর্শক, রেজিস্ট্রেশন পরিদপ্তর, ৩নং ডি,আই,টি এক্সটেনশন এডিনিউ, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। কমিশনার, ----- বিভাগ।
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

(ড. মোছাম্মৎ নাজমানারা বেগম)
সিনিয়র সহকারী সচিব।